ভোরের কাগজ

৭

তারিখ 23 NOV 1998
পৃঃ ৭ কলাম ২

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচন ১৭ ডিসেম্বর

দীন মোহাম্মদ দীনু, কৃষি বিশ্ববিদ্যালয় থেকে : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) ও ছাত্র সংসদসমূহের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের নির্বাচন আগামী ১৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।

নির্বাচন কমিশন সূত্র থেকে জানা যায়, গত ১৯ নভেম্বর নির্বাচন কমিশনের এক সভায় নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়। তারিখ ঘোষণার আগে কৃষি বিশ্ববিদ্যালয় নির্বাচন কমিশন একাধিক বার ক্যাম্পাসের বিভিন্ন রাজনৈতিক সংগঠন ছাত্রদল, ছাত্রলীগ, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্রইউনিয়ন ও ইসলামী ছাত্রশিবিরের নেতৃবৃন্দের সঙ্গে বৈঠকে মিলিত হয়েছে। নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ছাত্র বিষয়ক বিভাগ থেকে খসড়া ভোটার তালিকা প্রকাশ ২৫ নভেম্বর, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ ৩ ডিসেম্বর, নির্বাচন কমিশন কার্যালয় থেকে মনোনয়নপত্রের ফরম বিতরণ ৩ ডিসেম্বর, মনোনয়নপত্র গ্রহণ ৫ ডিসেম্বর, মনোনয়নপত্র বাছাই ও প্রার্থীপদ ঘোষণা ৭ ডিসেম্বর, ইচ্ছুকপ্রার্থী কর্তৃক মনোনয়নপত্র প্রত্যাহার ৯ ডিসেম্বর, চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ১০ ডিসেম্বর।

নির্বাচনে অংশগ্রহণ করার ব্যাপারে কয়েকটি সংগঠন কর্তৃপক্ষের কাছে তাদের মতামত জানিয়েছে। সমস্ত ক্যাম্পাসে এখন বাকসু নির্বাচনকে ঘিরে জল্পনাকল্পনা চলছে, ক্ষমতাসীন ছাত্রসংগঠন ছাত্রলীগ (বা-খ) থেকে মনোনয়ন লাভের জন্য শুরু হয়েছে জোড় লবিং। নির্বাচনকে কেন্দ্র করে ছাত্রলীগ গত এক সপ্তাহ ধরে প্রতিদিনই ক্যাম্পাসের বিভিন্ন হলগুলোতে নবীনবরণ ও কর্মিসভা করছে। ক্যাম্পাসের বাইরে অবস্থানরত ছাত্রদলের নির্বাচনে অংশগ্রহণে অনিশ্চয়তা রয়েছে।

সর্বশেষ বাকসু নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৯৪ সালে ৬ মে। নির্বাচনে ছাত্রলীগ ছাড়া সকল সংগঠন নির্বাচনে অংশ নেয়। ছাত্রদলের দুটি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। এক প্যানেল থেকে শাহাদাত হোসেন চঞ্চল ভিপি এবং অপর প্যানেল থেকে শামসুল আলম তোফা জিএস নির্বাচিত হন। ১৯৯৬ সালের ৩০ জুন বাকসু বিলুপ্ত করা হয়। সেই থেকে ক্যাম্পাস বাকসুহীন। বাকসু না থাকায় ক্যাম্পাসের ক্রীড়াঙ্গন, সাংস্কৃতিক অঙ্গনে দেখা দিয়েছে স্থবিরতা। তাই সাধারণ ছাত্রছাত্রীদের প্রত্যাশা ছিল অবিলম্বে বাকসু নির্বাচন।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. আবদুল আউয়াল জানান, ক্যাম্পাসে বর্তমানে বাকসু নির্বাচনের অনুকূল পরিবেশ রয়েছে এবং যথাসময়ে বাকসু নির্বাচন অনুষ্ঠানের সকল প্রস্তুতি নেওয়া হয়েছে।